বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০ ।

ফোনঃ৯৫৫০৫০৫
পিএবিএক্সঃ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫/২২৯
email:dgmicd@krishibank.org.bd

**অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ**

প্রকাঃঅনিবি- প্রশা- ৪৮/২০১৬- ২০১৭/ | তারিখঃ০৯- ১১- ২০১৬

১। সকল উপ- মহাব্যবস্থাপক,
কর্পোরেট শাখা
২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক কার্যালয়
৩। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
আঞ্চলিক নিরীক্ষা কার্যলয় ।
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট (DCFCL) এর সঠিকতা যাচাই প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয় হতে DCFCL ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট ত্রৈমাস শেষে অত্র বিভাগে প্রেরণ করা হয়। গত ২৪-০৪-২০১২ তারিখের অভ্যন্তরীণ ও পরিপালন (আইসিসি) এর সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অনুমোদিত এডি শাখা ও জেলা সদর শাখার রিপোর্ট সমূহ যাচাইয়ের জন্য বিভাগীয় নিরীক্ষা কার্যালয় এবং মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয় হতে প্রেরিত অন্য সকল শাখার রিপোর্ট সমূহ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ে প্রেরণ করা হয়ে থাকে।

০৩। আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও বিভাগীয় নিরীক্ষা কার্যালয় কর্তৃক অপারেশনস রিপোর্ট সমূহ পর্যালোচনা ও নিরীক্ষা সম্পন্ন করে অত্র বিভাগে রিপোর্ট প্রাপ্তির ১৫ দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার নির্দেশনা রয়েছে। কিন্তু নিরীক্ষিত প্রতিবেদন যথা সময়ে অত্র বিভাগে প্রেরণ করা হচ্ছে না। এ কারনে ত্রুটিপূর্ণ ও আপত্তি সম্বলিত প্রতিবেদন সমূহ সংশ্লিষ্ট শাখায় যথা সময়ে প্রেরণ করে তা নিয়মিত করা যাচ্ছে না । বাংলাদেশ ব্যাংকের নিরীক্ষা পরিদর্শন টীম কর্তৃক অত্র বিভাগ পরিদর্শন করতে আসলে পরিপালন ইউনিটকে বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হতে হয়।

০৪। এমতাবস্থায় DCFCL ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট সমূহ যাচাই করে রিপোর্ট প্রাপ্তির পরবর্তী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আব্দুল ওয়াহাব)
উপ- মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। স্টাফ অফিসার, উপ- ব্যবস্থাপনা পরিচালক- ১ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা ।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা ।
০৩। স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয় ।
০৪। উপ- মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ,বিকেবি, প্রকা, ঢাকা। (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)